

ভর্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাইভেট মাস্টার্স রেজিস্ট্রেশনের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫, ১৩: ৪৬



জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশনের সময় আরও এক সপ্তাহ বাড়ানো হয়েছে। এখন শিক্ষার্থীরা ২৪ সেপ্টেম্বর ২০২৫, বিকেল ৪টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে আবেদন ফরম পূরণ

করতে হবে। আবেদন ফি ৫৫০ টাকা। রেজিস্ট্রেশন ফি ১ হাজার ২৭০ টাকা। ফি কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যম অথবা সরাসরি কলেজে ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।
বিশ্ববিদ্যালয় আরও জানিয়েছে, রেজিস্ট্রেশনের প্রক্রিয়ার অংশ হিসেবে পত্র কোড এন্ড্রি অ্যান্ড গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড না দিলে বা ভুল পত্র কোড দিলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।
বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি-সংক্রান্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

বিশ্ববিদ্যালয় জানিয়েছে, এর আগে ১ সেপ্টেম্বর ২০২৫ প্রকাশিত বিজ্ঞপ্তিতে যে যে নিয়ম ও ভর্তির ক্ষেত্রে শর্তাবলি দেওয়া হয়েছিল, সেগুলো আগের মতোই থাকবে।

